

তারিখ: 25 MAY 2023
পৃষ্ঠা: ১০ কলাম: ১

যুগান্তর

মাগুরার দুধমল্লিক বালিকা বিদ্যালয়ে উপবৃত্তি নিয়ে উত্তেজনা : পুলিশ মোতায়েন

মাগুরা প্রতিমিথি

মাগুরা দুধমল্লিক বালিকা বিদ্যালয়ে ছাত্রীদের উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত করা ও বৃত্তি বিতরণে অনিয়মের কারণে বিক্ষুব্ধ অভিভাবকরা শনিবার, বিদ্যালয়ের প্রধান শিক্ষককে লালিত করেন। ক্ষুব্ধ অভিভাবক ও ছাত্রীদের পুনঃহামলা থেকে রক্ষার জন্য শনিবার বিদ্যালয়ে পুলিশ পাহারা মোতায়েন করা হয়। প্রধান শিক্ষক অসীল মৈত্র ও ক্ষুব্ধ অভিভাবকদের সূত্রে জানা গেছে, এই বিদ্যালয়ের প্রায় ৪৮ ছাত্রীর নাম উপবৃত্তির তালিকা থেকে বাদ গেছে। অবশিষ্ট ছাত্রীদের উপবৃত্তির টাকা শনিবার বিতরণ করা হলে এ ঘটনা ফাঁস হয়। অনেক মেধাবী ও নিয়মিত ছাত্রী বাদ পড়ায় কোভের সৃষ্টি হয়। অভিভাবক ও ছাত্রীরা এজন্য প্রধান শিক্ষককে দায়ী করেন।

প্রধান শিক্ষক এ দায় অস্বীকার করে বলেছেন, উপবৃত্তি বরাদ্দ সংক্রান্ত একটি অডিট টিম গত ২৫ মার্চ বিদ্যালয়ে এলে ওইদিনে অনুপস্থিত ছাত্রীদের নাম উপবৃত্তির তালিকা থেকে বাদ দিয়েছে। এতে বিদ্যালয় কর্তৃপক্ষের কোন হাত নেই। ছাত্রীরা বলেছে, অনেক বিবাহিতা ও অনিয়মিত ছাত্রীর নামে উপবৃত্তির বরাদ্দ এসেছে। উল্লেখ্য, হঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের ২০০২ সালের ২ কিলি এবং ২০০৩ সালের ১ কিলি উপবৃত্তির টাকা শনিবার দুপুরে পুলিশ পাহারায় বিতরণ করা হয়।